কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

নার্সিংয়ে সার্টিফিকেট ও ডিপ্লোমা
প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৬

বর্ষ ৪২ সংখ্যা ৩৮ | কলকাতা | বুধবার, ২০ এপ্রিল ২০২২/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ৬ বৈশাখ ১৪২৯ | দাম ৪.০০ টাকা | ৮ পাতা | R. N. 37120/80

## ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসে ৩৩০

সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ৩৩০ জনকে নেবে ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ও 'সি' ক্যাটেগরিতে।

শূন্যপদের বিবরণ: গ্রুপ 'বি': **পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট**: ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার**: ৪৭টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ল্যাবরেটরি)**: ৪৭টি (সাধারণ ২১, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শাখানুসারে শূন্যপদ: মেকানিক্যাল ১৯টি, কেমিক্যাল ১৮টি, মাইক্রোবায়োলজি ১০টি।

গ্রুপ 'সি': **স্টেনোগ্রাফার**: ২২টি (সাধারণ ১১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

**সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট**: ১০০টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)।

**জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট**: ৬১টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৮)।

**সিনিয়র টেকনিশিয়ান**: ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শাখানুসারে শূন্যপদ: কার্পেন্টার ৬টি, ওয়েল্ডার ২টি, প্লাম্বার ৩টি, ফিটার ৩টি, টার্নার ৫টি, ইলেক্ট্রিশিয়ান ৬টি।

**বয়স**: গ্রুপ 'বি' ক্যাটেগরির ক্ষেত্রে ৩০ বছর এবং গ্রুপ 'সি' ক্যাটেগরির ক্ষেত্রে ২৭ বছরের মধ্যে হতে হবে।

*এরপর তিনের পাতায়*

## দিল্লি ট্রান্সপোর্টে ৩৫৭

৩৫৭ জন অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান, অ্যাসিস্ট্যান্ট ফিটার ও অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিশিয়ান নেবে দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশনের রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স বিভাগ। এটি দিল্লি সরকারের অধীনস্থ একটি সংস্থা। এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। ভালো কাজের ভিত্তিতে চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে।

**শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান:** শূন্যপদ ১১২টি (সাধারণ ৫৮, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: অটোমোবাইল বা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং-সহ ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন**: নির্দিষ্ট মাসিক ৪৬,৩৭৪ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ফিটার**: শূন্যপদ ১৭৫টি (সাধারণ ৯০, তফসিলি জাতি ২৬, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৪৬)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের

*এরপর তিনের পাতায়*

## দিল্লি সরকারে ১৬৮

ম্যানেজার, প্রোটেকশন অফিসার, পাম্প ড্রাইভার-সহ বিভিন্ন পদে ১৬৮ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে দিল্লি জল বোর্ড, পরিবহণ নিগম, মহিলা ও শিশু উন্নয়ন বিভাগ-সহ বিভিন্ন দপ্তরে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ৭৪টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 06/22.

শূন্যপদের বিবরণ: **অ্যাসিস্ট্যান্ট আর্কাইভিস্ট গ্রেড-১**: পোস্ট কোড 01/22: শূন্যপদ: ৪টি। শিক্ষাগত যোগ্যতা:

*এরপর তিনের পাতায়*

## ইন্টেলিজেন্স ব্যুরোয় ১৫০ গ্রেড-টু অফিসার

অ্যাসিস্ট্যান্ট সেন্ট্রাল ইন্টেলিজেন্স অফিসার গ্রেড-টু/টেকনিক্যাল পদে ১৫০ জনকে নেবে ইন্টেলিজেন্স ব্যুরো। গ্রুপ 'সি' ক্যাটেগরিতে নিয়োগ করা হবে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন শাখায়। প্রার্থীকে অবশ্যই ২০২০, ২০২১ বা ২০২২-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

শূন্যপদের বিবরণ: **কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি**: ৫৬টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন**: ৯৪টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৯)।

নিয়মানুসারে প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা কম্পিউটার সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি, অন্যতম প্রধান বিষয় হিসেবে ইলেক্ট্রনিক্স পড়ে থাকতে হবে।

এর পাশাপাশি ২০২০ বা ২০২১ বা ২০২২-এর গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

বয়স: ৭-৫-২০২২ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

গেট স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.mha.gov.in, www.ncs.gov.in দরখাস্তের শেষ তারিখ ৭ মে।

এক্সামিনেশন ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আই বা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। দরখাস্তের শেষ দিনে যাঁরা চালান

*এরপর তিনের পাতায়*

### নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে
## ২২৫ এক্সিকিউটিভ ট্রেনি

এক্সিকিউটিভ ট্রেনি পদে ২২৫ জনকে নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। প্রার্থীকে অবশ্যই ২০২০ বা ২০২১ বা ২০২২-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং শেষে সংশ্লিষ্ট সংস্থায় চাকরির সুযোগ আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NPCIL/HRM/ET/2022/02.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ: সাধারণ ৮৮, তফসিলি জাতি ৩৪, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ৬৩, আর্থিক ভাবে অনগ্রসর ২১। মোট শূন্যপদের মধ্যে ৯টি প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

শাখানুসারে শূন্যপদের বিবরণ: মেকানিক্যাল ৮৭টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ৯), কেমিক্যাল ৪৯টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি

*এরপর তিনের পাতায়*

WBP কনস্টেবল মেইন
লিখিত পরীক্ষার প্রস্তুতির জন্য ভর্তি চলছে
INDIAN FORCE ACADEMY™
11.04.22 তারিখ থেকে মেইন-এর প্রথম ব্যাচ শুরু হয়ে গিয়েছে। পরবর্তী ব্যাচে ভর্তি হওয়া যাবে 25 থেকে 30 এপ্রিল'22-এর মধ্যে।
Call : 9836635555
আইফা-থেকে রাজ্য পুলিশে সাফল্য পাওয়া ছাত্র-ছাত্রীদের মধ্যে কয়েকজন

IFA -তে যেসব কোর্সে ভর্তি চলছে
৮ বাহিনী, ARMY, NAVY, AIR FORCE, WBP/KP, RPF মাঠের প্রশিক্ষণ ও লিখিত পরীক্ষার প্রস্তুতি
জি.কে ও ইংরেজি-র কমনযোগ্য নোটস। বিষয়ভিত্তিক পৃথক পৃথক শিক্ষক। সাপ্তাহিক ক্লাস টেস্ট ও মকটেস্ট
অঙ্ক, ইংরেজিতে দুর্বল প্রার্থীদের বিশেষ নজরদারী
বহিরাগত ছেলে-মেয়েদের পৃথক হোস্টেলের ব্যবস্থা।
H.O: Rajarhat, Kolkata - 135
Mob : 9836635555

## সুস্বাদু স্বাস্থ্যকর ফ্রুটক্যান্ডি বানিয়ে রোজগার

আবহাওয়ার পরিবর্তন হচ্ছে। শরীর-স্বাস্থ্য ঠিক রাখতে এ সময় খাবার পাতে অবশ্য থাকতে হবে মরশুমি ফল। কিন্তু বাচ্চারা সাধারণত ফল খেতে নারাজ। তাদের জন্য একইসঙ্গে স্বাস্থ্যকর ও মুখরোচক ফ্রুট আইস ক্যান্ডি। আসল ফলের রস জমিয়ে বানানো এই ক্যান্ডি নিজেই উৎপাদন করে বিপণন করতে পারেন প্রশিক্ষণ নিয়ে। নিতে পারেন ডিস্ট্রিবিউটরশিপও।



**নিজস্ব প্রতিনিধি:** ঋতু অনুসারে আবহাওয়ার প্রকারভেদ মানিয়ে নিতে এবং শরীর সুস্থ রাখতে খাওয়াদাওয়া ঠিক রাখা জরুরি। প্রতিদিন নিয়ম করে মরশুমি ফল খাওয়া গেলে তার থেকে ভালো কিছু হতে পারে না। ডায়েটিশিয়ানরা মনে করেন, বিভিন্ন রঙের আনাজপাতি ও ফল খাওয়া স্বাস্থ্যের পক্ষে ভালো। বিভিন্ন রং মানে বিভিন্ন ধরনের মিনারেলস, ভিটামিনের সমাবেশ। একটা ডিশে যত বেশি রঙের আনাজ থাকবে তত বেশি পুষ্টি। তাই রেনবো ডায়েটের উপর জোর দেওয়া হচ্ছে। কিন্তু আজকের জাঙ্ক ফুডের দুনিয়ায় শাকসবজি ও ফল খাওয়ায় বেশ অনীহা ছোটদের। বয়সে ছোট হোন, কী বড়, যাঁরাই ফল খেতে চান না তাঁদের কী ভাবে ফলের পুষ্টি দেওয়া যায় তাই নিয়ে কয়েক বছর আগে ভাবনাচিন্তা শুরু করে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ। মরশুমি বিভিন্ন ফলের রস জমিয়ে সুস্বাদু ফ্রুট আইস ক্যান্ডি তৈরি করেছিল বিশ্ববিদ্যালয়ের ক্রায়োজেনিক রিসার্চ সেন্টার। গবেষণা এবং আইস ক্যান্ডি তৈরির সামগ্রিক প্রক্রিয়াটির সঙ্গে যুক্ত ছিলেন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট অসীম চট্টোপাধ্যায়।

অবসর নেওয়ার পরও অসীমবাবু ধরে রেখেছেন ফ্রুট আইস ক্যান্ডি তৈরির ধারাবাহিকতা। নিজের উদ্যোগেই তৈরি করছেন ফলের রসের আইস ক্যান্ডি। নাম— ফ্রুট আইস ক্যান্ডি, 'ফ্রুটস-জি' ব্র্যান্ড-নামে তা বাজারে পাওয়া যায়।

বিভিন্ন মরশুমি ফলের আইস ক্যান্ডি তৈরির উপরেই জোর দেন অসীমবাবু। আম, জাম, আতা, সবেদা, আনারস, তরমুজ, কলা, কদবেল, করমচা, কামরাঙা— এরকম হরেক ফল, এমনকী ডাবের জলের আইস ক্যান্ডিও তৈরি করছেন তিনি। তাঁর কথায়, বাচ্চাদের ফলের দিকে মুখ ফেরাতেই এই উদ্যোগ, তাই ফল সংগ্রহ, বাছাই এবং তার পরিচ্ছন্ন প্রক্রিয়াকরণের উপর কড়া নজরদারি থাকে। আইস ক্যান্ডি তৈরির জন্য জাম, কামরাঙা, করমচা, আতার মতো সাধারণ ফলগুলিকে বেছে নেওয়ার পিছনেও আছে বিশেষ ভাবনাচিন্তা ও সতর্কতা। এইসব ফল ফলানোর জন্য রাসায়নিক সার বা কীটনাশক সাধারণত ব্যবহার করা হয় না। সেজন্য ফলের নিজস্ব সব খাদ্যগুণ বজায় থাকে।

এখন গ্রীষ্মের মরশুম। এ সময়ই

*এরপর দুয়ের পাতায়*

# দিল্লি সরকারে ১৬৮

*প্রথম পাতার পর*

ন্যাশনাল আর্কাইভস ইন্ডিয়া থেকে আর্কাইভ কিপিংয়ে ডিপ্লোমা। মাইক্রোসফট অফিসের সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

পোস্ট কোড 03/22: **শিফট ইনচার্জ**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা সমতুল ট্রেডে আই টি আই কোর্স পাশ। সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

পোস্ট কোড 04/22: **ম্যানেজার (মেকানিক্যাল)**: শূন্যপদ: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পোস্ট কোড 05/22: **ম্যানেজার (ট্র্যাফিক)**: শূন্যপদ: ৫টি। **শিক্ষাগত যোগ্যতা**: য-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পোস্ট কোড 06/22: **প্রোটেকশন অফিসার**: শূন্যপদ: ১১টি। শিক্ষাগত যোগ্যতা: সাশ্যাল ওয়ার্ক বা সোশিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। এর পাশাপাশি কোনও স্বীকৃত স্বেচ্ছাসেবী সংস্থায় মহিলা, শিশু, সহায়সম্বলহীন ও প্রতিবন্ধীদের কল্যাণমূলক কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আইনের ডিগ্রিধারী এবং মহিলা প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

পোস্ট কোড 08/22: **পাম্প ড্রাইভার/ফিটার ইলেক্ট্রিক্যাল সেকেন্ড ক্লাস/ইলেক্ট্রিক ড্রাইভার সেকেন্ড ক্লাস/মোটরম্যান/ইলেক্ট্রিক মিস্ত্রি/এস বি ও**: শূন্যপদ: ২৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিক্যাল ট্রেডে আই টি আই কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,০০০ টাকা।

পোস্ট কোড 10/22: **ফিল্টার সুপারভাইজর (পুরুষ)**: শূন্যপদ: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

সব ক্ষেত্রেই ৯-৫-২০২২ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৯ মে পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত এবং প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://dsssb.delhi.gov.in/current-vacancies/Delhi-subordinate-services-selection-board

# ইন্টেলিজেন্স ব্যুরোয় ১৫০ গ্রেড-টু অফিসার

*প্রথম পাতার পর*

জেনারেট করবেন, তাঁদের ক্ষেত্রে অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ মে।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি ট্রান্সপোর্টে ৩৫৭

*প্রথম পাতার পর*

জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: মেকানিক (মোটর ভেহিক্যল) বা ডিজেল মেকানিক বা ট্রাক্টর মেকানিক বা অটোমোবাইল বা ফিটার ট্রেডে আই টি আই পাশ অথবা এন সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৩ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং-সহ ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন**: নির্দিষ্ট মাসিক ১৭,৬৯৩ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিশিয়ান**: শূন্যপদ ৭০টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: ইলেক্ট্রিশিয়ান (অটো) বা মেকানিক অটো ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ট্রেডে আই টি আই পাশ অথবা এন সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৩ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং-সহ ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন**: নির্দিষ্ট মাসিক ১৭,৬৯৩ টাকা।

৪-৫-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মেধা ও কারিগরি দক্ষতার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dtc-rp.com

অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৪ মে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# অ্যাটমিক এনার্জিতে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান

২০ জন সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট ও টেকনিশিয়ান নেবে কেন্দ্রীয় সরকারের অ্যাটমিক এনার্জি দপ্তর। নিয়োগ করা হবে দপ্তরের ডিরেক্টোরেট অব কনস্ট্রাকশন, সার্ভিসেস অ্যান্ড এস্টেট ম্যানেজমেন্ট বিভাগে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DCSEM/ 01 /2022.

**শূন্যপদের বিবরণ: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট/বি (সিভিল)**: শূন্যপদ ৬টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: উচ্চমাধ্যমিকের পর মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। **বয়স**: ৩০ বছরের মধ্যে হতে হবে।

**টেকনিশিয়ান/বি (প্লাম্বিং)**: শূন্যপদ ৪টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে প্লাম্বিংয়ে ট্রেড সার্টিফিকেট। **বয়স**: ২৫ বছরের মধ্যে হতে হবে।

**টেকনিশিয়ান/বি (কার্পেন্ট্রি)**: শূন্যপদ ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে কার্পেন্ট্রিতে ট্রেড সার্টিফিকেট। **বয়স**: ২৫ বছরের মধ্যে হতে হবে।

**টেকনিশিয়ান/বি (ইলেক্ট্রিক্যাল)**: শূন্যপদ ৬টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিক্যালে ট্রেড সার্টিফিকেট। **বয়স**: ২৫ বছরের মধ্যে হতে হবে।

২৯-৪-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন**: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৩৫,৪০০ টাকা। টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। টেকনিশিয়ান পদের ক্ষেত্রে থাকবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও ট্রেড টেস্ট। প্রথম পর্যায়ের পরীক্ষায় ম্যাথমেটিক্স, সায়েন্স ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষাও হবে অবজেক্টিভ ধরনের। সময় ২ ঘণ্টা। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং থাকবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.dcsem.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ দিতে হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ৩০০ টাকা এবং টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২৫০ টাকা। ডিমান্ড ড্রাফটের মাধ্যমে ফি জমা দিতে হবে। ড্রাফটটি "Pay and Accounts Officer, DCSEM"-এর অনুকূলে মুম্বইয়ে প্রদেয় হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন: Application for the post of ________Post Code________ against Advertisement No.DCSEM/01/2022.

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৯ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Assistant Personnel Officer, Recruitment Section, Directorate of Construction, Services & Estate Management, 2nd floor, Vikram Sarabhai Bhavan, Anushaktinagar, Mumbai-400 094.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ২২৫ এক্সিকিউটিভ ট্রেনি

*প্রথম পাতার পর*

১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫), ইলেক্ট্রিক্যাল ৩১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ২), ইলেক্ট্রনিক্স ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১), ইনস্ট্রুমেন্টেশন ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১), সিভিল ৩৩টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং বা ইন্টিগ্রেটেড এম টেক কোর্স পাশ। মেকানিক্যালের ক্ষেত্রে প্রোডাকশন, ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল এবং ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্সে ডিগ্রিধারীরাও আবেদন কতে পারেন। এর পাশাপাশি সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট পত্রে ২০২০ বা ২০২১ বা ২০২২-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

বয়স: ২৮-৪-২০২২ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ৫৫,০০০ টাকা। বইয়ের খরচ বাবদ দেওয়া হবে এককালীন ১৮,০০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অফিসার/সি পদে। তখন বেতন: ৫৬,১০০ টাকা।

গেট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in দরখাস্তের শেষ তারিখ ২৮ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে। দরখাস্তের সময় জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং যুদ্ধে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির পরিজনের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.npcil.co.in

# ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসে ৩৩০

*প্রথম পাতার পর*

বেতনক্রম: গ্রুপ 'বি' ক্যাটেগরির ক্ষেত্রে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। গ্রুপ 'সি' ক্যাটেগরিতে জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৯,৯০০-৬৩,২০০ টাকা, অন্যান্য পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 02/2022/ESTT.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bis.gov.in দরখাস্তের শেষ তারিখ ৯ মে।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দয়াল সিং ইভনিং কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

কমার্স, ইংলিশ, হিন্দি-সহ বিভিন্ন বিষয়ে ৭৫ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে দিল্লির দয়াল সিং ইভনিং কলেজ। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DSEC/Advt./Teaching/1/2022/06.

বিষয় অনুসারে শূন্যপদের বিবরণ: কমার্স ২০টি, কম্পিউটার অ্যাপ্লিকেশনস ৩টি, ইকনমিক্স ৭টি, ইংলিশ ১৬টি, হিন্দি ৮টি, হিস্ট্রি ১০টি, পলিটিক্যাল সায়েন্স ১১টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.du.ac.in দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.dsce.du.ac.in

# বর্ডার রোডস অর্গানাইজেশনে ৩০২

৩০২ জন ম্যাসন ও নার্সিং অ্যাসিস্ট্যান্ট নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে মাল্টি স্কিল্ড ওয়ার্কার পদে প্রার্থীদের নিয়োগ করা হবে। শুধুমাত্র পুরুষরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১/২০২২।

ম্যাসন: শূন্যপদ ১৪৭টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৬, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। **নার্সিং অ্যাসিস্ট্যান্ট**: শূন্যপদ ১৫৫টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ২৬, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৪৪, আর্থিক ভাবে অনগ্রসর ১৬)।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: www.bro.gov.in

# সেন্ট্রাল সিল্ক বোর্ডে সায়েন্টিস্ট

সায়েন্টিস্ট 'বি' পদে ১৫ জনকে নেবে সেন্ট্রাল সিল্ক বোর্ড। নিয়োগ করা হবে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থীকে অবশ্যই গেট-২০২২ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর CSB/2/2022.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ: সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১, অস্থিসংক্রান্ত দৈহিক প্রতিবন্ধী ১। শিক্ষাগত যোগ্যতা: টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক, সঙ্গে সংশ্লিষ্ট পত্রে গেট-২০২২ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.csb.gov.in দরখাস্তের শেষ তারিখ ২৫ এপ্রিল।

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)

মেডিকেল ডিভিশন, হলদিয়া ডক কমপ্লেক্স, এসএমপি, কলকাতা অধীন পোর্ট হসপিটালে ঠিকাচুক্তির ভিত্তিতে ০৩** (তিন জন) মহিলা নার্স নিয়োগের জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। উপযুক্ততার শর্ত ও অন্যান্য বিবরণের জন্য লগ অন করুন এই এসএমপিকে ওয়েবসাইটে https://smportkolkata.shipping.gov.in সম্পূর্ণভাবে পূরণ করা দরখাস্ত গ্রহণের শেষ তারিখ: ১৩ মে, ২০২২।
(**ভবিষ্যতে বাড়তে/ কমতে পারে)

কর্পোরেট সংস্থায় ১৫০ শূন্যপদ

SRF সিকিউরিটি প্রাঃলিঃ কোম্পানি ব্যাঙ্গালোর স্থিত অ্যাসোসিয়েটস মাল্টি ন্যাশনাল কর্পোরেট সংস্থার জন্য 150 জন কর্পোরেট সিকিউরিটি গার্ড/সুপারভাইজার নিয়োগ করবে। MP/HS/ গ্র্যাজুয়েটরা যোগ্য। বয়স-18-35, উচ্চতা 5'5'' হতে হবে। নিয়োগ হবে গভঃ সার্টিফায়েড [MEPSC] 1 মাস ফিজিক্যাল এনডিওরেন্স ট্রেনিংয়ের পর। ট্রেনিংয়ের খরচ 20,500/-(থাকা-খাওয়া, ড্রেস, মেডিকেল, পুলিশ ভেরিফিকেশন সহ)। ট্রেনিং শেষে সরাসরি চাকরি। মাইনে 12,500-18,500+PF+DA+থাকা। CV-নিয়ে ইন্টারভিউয়ে আসুন: সম্রাট হোটেল কনফারেন্স হল, পালিকা বাজার, স্টেশনের সামনে, পূর্ব বর্ধমান। তারিখ : 24/4, 1/5, 8/5, 15/5/2022 (10AM-4 PM).

বিস্তারিত জানতে ফোন করুন : 9564818258, 8918863968

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৫ মার্চ-৩ এপ্রিল

**২৫ মার্চ** এক সপ্তাহ আগে ইউক্রেনের বন্দর শহর মারিউপোলের একটি থিয়েটার হলে ভয়াবহ বোমাবর্ষণের অভিযোগ উঠেছিল রাশিয়ার বিরুদ্ধে। ইউক্রেন এদিন দাবি করেছে সেই হামলায় অন্তত ৩০০ জন মারা গিয়েছে। মারিউপোল সিটি হলের তরফে পেশ করা বিবৃতিতে এদিন বলা হয়েছে, রুশ হামলা থেকে বাঁচতে ওই থিয়েটার হলে কয়েকশো মানুষ আশ্রয় নিয়েছিলেন। মৃতের সংখ্যা আরও বাড়বে বলে তাদের আশঙ্কা।

## ইউক্রেন প্রশ্নে শান্তি ফেরাতে রাশিয়াকে সাহায্যের বার্তা মোদীর



**১ এপ্রিল:** রুশ-ইউক্রেন যুদ্ধের আবহের মধ্যেই ভারত সফরে এলেন রাশিয়ার বিদেশমন্ত্রী সের্গেই লাভরভ। দু-দেশের মধ্যে শান্তি প্রতিষ্ঠায় প্রয়োজনে ভারতও সাহায্য করতে প্রস্তুত বলে রুশ বিদেশমন্ত্রীকে বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। লাভরভও মোদীর বার্তাকে স্বাগত জানিয়ে বলেছেন, 'ভারত, গুরুত্বপূর্ণ দেশ। তারা যদি আন্তর্জাতিক এই সমস্যার যৌক্তিক সমাধান খোঁজার দায়িত্ব নেয় আমরা সেটাকে সমর্থন করব।' এছাড়া ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠকের পরে রুশ বিদেশমন্ত্রী ভারতের সঙ্গে রাশিয়ার বাণিজ্যকে প্রাধান্য দিয়ে বলেন, ভারত রাশিয়া থেকে যা কিনতে চাইবে আমরা জোগান দিতে প্রস্তুত।

**২৬ মার্চ** প্রতিরক্ষা সরঞ্জাম রপ্তানি গত কয়েক বছরে দশগুণের বেশি বৃদ্ধি পেয়েছে বলে দাবি করল কেন্দ্র। কেন্দ্রে মোদী সরকার যখন ক্ষমতায় আসে ২০১৪-২০১৫ অর্থবর্ষে প্রতিরক্ষা সরঞ্জামের রপ্তানি ছিল ১ হাজার ৯৪১ কোটি টাকার। চলতি আর্থিক বছরের ২১ মার্চ পর্যন্ত ১১ হাজার ৬০৭ কোটি টাকার প্রতিরক্ষা সরঞ্জাম ভারত রপ্তানি করেছে বলে লোকসভায় জানালেন প্রতিরক্ষা প্রতিমন্ত্রী অজয় ভাট।

**২৭ মার্চ** রুশ হামলায় বিপর্যস্ত ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি আমেরিকা-সহ গোটা পশ্চিমি দুনিয়ার সমালোচনা করে বললেন 'পশ্চিমী দুনিয়া যদি সত্যিই রুশ আগ্রাসন রুখতে চায় তা হলে তাদের আরও সাহস দেখানোর দরকার ছিল।' ন্যাটো এই যুদ্ধে সরাসরি অংশগ্রহণ করতে না চাওয়ায় ইউক্রেনকে কে অস্ত্র ও বোমারু বিমান পাঠাবে, সে নিয়ে প্রশ্ন তোলেন জেলেনস্কি। অন্যদিকে, তুরস্ক এদিন দাবি করেছে, ইউক্রেন ও রাশিয়া দুই দেশই বেশ কিছু শর্তে তুরস্কের রাজধানী আঙ্কারায় বৈঠকে বসতে রাজি হয়েছে।

**২৮ মার্চ** বগটুইয়ের হত্যাকাণ্ড নিয়ে বিধানসভার অধিবেশন কক্ষেই হাতাহাতিতে জড়ালেন তৃণমূল ও বিজেপির বিধায়করা। দুই শিবিরই অন্য পক্ষের বিরুদ্ধে মারধর করার অভিযোগ তুলেছে। বেশ কয়েকজন বিধায়ক আহত হয়েছেন বলেও খবরে প্রকাশ। বিধানসভার অধিবেশন কক্ষের মধ্যেই এই হাতাহাতির ঘটনায় রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ পাঁচ বিজেপি বিধায়ককে সাসপেন্ড করেছেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়।

**২৯ মার্চ** রুশ-ইউক্রেন যুদ্ধ শুরুর পাঁচ সপ্তাহ পরে আগ্রাসনে রাশ টানতে রাজি হল মস্কো। তুরস্কের ইস্তানবুলে কিইভের প্রতিনিধিদের সঙ্গে শান্তি বৈঠক শেষে এ কথা জানালেন রাশিয়ার উপ প্রতিরক্ষামন্ত্রী আলেকজান্ডার ফোমিন। ইউক্রেনের রাজধানী কিইভ এবং উত্তরের শহর চেরনিহিভ থেকে সেনা তৎপরতা কমাতে রাজি হয়েছে রুশ নেতৃত্ব। তবে আগ্রাসনে রাশ মানে যে অস্ত্রবিরতি নয় তা-ও স্পষ্ট করে দেওয়া হয়েছে রুশদের তরফে।

## চেরনোবিল ছাড়ল রুশ ফৌজ



**১ এপ্রিল:** ইউক্রেন জানাল, এক মাসেরও বেশি সময় নিজেদের দখলে রাখার পর রাতারাতি চেরনোবিল পরমাণু কেন্দ্র ছেড়ে চলে গিয়েছে রাশিয়ার সেনা। পরমাণু বিদ্যুৎকেন্দ্রের নিয়ন্ত্রণ লিখিত ভাবে ইউক্রেনের কর্মীদের কাছে হস্তান্তর করেছে রুশ বাহিনী। তবে কিইভ আরও দাবি করেছে যে যাওয়ার আগে চেরনোবিল থেকে বেশ কিছু তেজস্ক্রিয় মৌলের আইসোটোপ এবং তেজস্ক্রিয় পদার্থও লুট করে নিয়ে গিয়েছে রুশ সেনা। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা এই চুরির অভিযোগ নিয়ে মুখ না খুললেও তারা চেরনোবিল গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখতে চায় বলে জানিয়েছে।

“

**(বর্তমান পরিস্থিতিতে) প্রধানমন্ত্রীর নীরবতা দেখে আমরা স্তম্ভিত। যারা এ ধরনের বিভেদ ছড়াচ্ছে, সমাজে বিদ্বেষ ও উস্কানির আবহ তৈরি করছে, তাদের বিরুদ্ধে প্রধানমন্ত্রী একটিও কথা বলেননি, কোনও ব্যবস্থা নেননি। প্রধানমন্ত্রীর নীরবতাই প্রমাণ করে, এই সশস্ত্র দুষ্কৃতীরা শাসকশ্রেণীর ছত্রছায়ায় রয়েছে।**

”

**কংগ্রেস, এনসিপি, তৃণমূল, ডিএমকে, সিপিএম-সহ**
১৩টি বিরোধী দলের যৌথ বিবৃতি

রামনবমীকে উপলক্ষ্য করে দেশে তুঙ্গে সাম্প্রদায়িক অশান্তি, তবুও প্রধানমন্ত্রী নীরব কেন এই প্রশ্ন তুলে

## দ্বিতীয়বার মুখ্যমন্ত্রী যোগী



**২৫ মার্চ:** দ্বিতীয়বার উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন যোগী আদিত্যনাথ। তাঁর সঙ্গে শপথ নিলেন মন্ত্রিসভার ৫২ জন সদস্য। আগের মন্ত্রিসভার ২৪ জন বাদ গেলেন। কেশব প্রসাদ মৌর্য ও ব্রজেশ পাঠক এই দুই উপমুখ্যমন্ত্রীর পদ থাকছে প্রশাসনে। যোগী মন্ত্রিসভার একমাত্র মুসলিম মুখ দানিশ আজাদ আনসারি প্রতিমন্ত্রীর পদ পেয়েছেন।

**৫০ বছরের পুরনো সীমান্ত সমস্যা** মেটাতে চুক্তি স্বাক্ষর করলেন অসমের হিমন্ত বিশ্বশর্মা এবং মেঘালয়ের কনরাড সাংমা। এদিন নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে চুক্তি স্বাক্ষর করেন দুই মুখ্যমন্ত্রী। এই চুক্তির ফলে অসম এবং মেঘালয়ের ৮৮৪.৯ কিলোমিটার দীর্ঘ সীমান্তের বিতর্কিত ১২টি জায়গার মধ্যে ছ'টি নিয়ে সমস্যা মিটল। তবে বিশেষজ্ঞদের মতে সীমান্ত সমস্যার আসল জট এখনও কাটেনি। তবে চুক্তির প্রথম পর্যায়ের সাফল্যে দুই মুখ্যমন্ত্রী পরস্পরকে ধন্যবাদ জানিয়েছেন।

**গত ডিসেম্বরে আন্তর্জাতিক সংস্থা** 'ওয়ার্ল্ড ইনইক্যুয়ালিটি ল্যাব'-এর ভারত সম্পর্কে দেওয়া রিপোর্টকে 'ত্রুটিপূর্ণ' বলে দাবি করলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ। রিপোর্টে দাবি করা হয়েছিল ভারত 'গরিব এবং অসাম্যের দেশ'। **এখানে জনসংখ্যার এক শতাংশের হাতে ২০২১-এর মোট জাতীয় আয়ের এক পঞ্চমাংশ কেন্দ্রীভূত আর নীচের তলার অর্ধেক মানুষের হাতে মোট জাতীয় আয়ের মাত্র ১৩ শতাংশ।** ফরাসি অর্থনীতিবিদ থমাস পিকেটি-সহ অন্য বিশেষজ্ঞদের এই রিপোর্ট তৈরির ক্ষেত্রে যে পরিমাপক পদ্ধতি ব্যবহার হয়েছে তা নিয়ে প্রশ্ন তুলেছেন নির্মলা।

**৩০ মার্চ** দেশের শীর্ষব্যাঙ্ক আরবিআই. এক রিপোর্টে জানাল, ২০১৫ সালের এপ্রিল থেকে গত বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত ব্যাঙ্ক জালিয়াতির ফলে দেশের মোট ক্ষতি হয়েছে ২.৫ লক্ষ কোটি টাকা। যার অর্থ ব্যাঙ্ক জালিয়াতি বা আর্থিক কেলেঙ্কারির জেরে গত সাত বছর ধরে প্রতিদিন গড়ে ১০০ কোটি টাকা করে ক্ষতি হয়েছে দেশের। পরিসংখ্যান বলছে মহারাষ্ট্র, দিল্লি, তেলেঙ্গানা, গুজরাট বা তামিলনাড়ুর মতো রাজ্যগুলিতে ৮০ শতাংশের বেশি ব্যাঙ্ক জালিয়াতির ঘটনা ঘটেছে। যদিও অর্থমন্ত্রক জানাচ্ছে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য বছর বছর জালিয়াতির সংখ্যা কমছে।

**স্কুলে নিয়োগ সংক্রান্ত দুর্নীতির মামলায়** দেশের প্রধান বিচারপতির হস্তক্ষেপ চাইলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। পাশাপাশি হাইকোর্টেরই ডিভিশন বেঞ্চের ভূমিকা নিয়ে প্রশ্ন তুললেন। ডিভিশন বেঞ্চ কেন সিঙ্গল বেঞ্চের এক্তিয়ার নির্দিষ্ট করে দিচ্ছে, তাতে কাদের লাভ হবে এমনই গুরুতর প্রশ্ন তুলে দিয়েছেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। এর আগেই অবশ্য বিচারপতি গঙ্গোপাধ্যায় স্কুল সার্ভিস কমিশনের প্রাক্তন উপদেষ্টা শান্তিপ্রসাদ সিনহাকে সম্পত্তির হিসেব পেশের নির্দেশ দিতে গিয়ে উল্লেখ করেছিলেন, এখনও পর্যন্ত নিয়োগে দুর্নীতির এই মামলায় যা সামনে এসেছে তা হিমশৈলের চূড়ামাত্র।

**৩১ মার্চ** আর্থিক সঙ্কটে জর্জরিত শ্রীলঙ্কার মানুষ বিক্ষোভ দেখালেন সে দেশের প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষের বাড়ির সামনে। দ্বীপরাষ্ট্রের আর্থিক অবস্থা বেশ কিছুদিন ধরেই শোচনীয়। সরকারের হাতে বিদেশ থেকে জ্বালানি আমদানি করার জন্য প্রয়োজনীয় বিদেশি মুদ্রাও নেই। বিদ্যুৎ বাঁচানোর লক্ষ্যে দিনে ১৩ ঘণ্টা রাস্তার আলো বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। পর্যবেক্ষকদের মতে গত এক দশকেরও বেশি সময়ের মধ্যে এটাই শ্রীলঙ্কার সবচেয়ে খারাপ আর্থিক অবস্থা।

**উত্তর-পূর্ব ভারতের তিন রাজ্য** নাগাল্যান্ড, অসম এবং মণিপুরের অফস্পার অধীনে থাকা এলাকা কমানোর সিদ্ধান্ত নিল কেন্দ্র। কেন্দ্রের সিদ্ধান্ত অনুযায়ী ১ এপ্রিল থেকে অসমের ২৩টি জেলা থেকে সম্পূর্ণ এবং একটি জেলা থেকে আফস্পা আংশিক প্রত্যাহার করা হচ্ছে। মণিপুরের ছ'টি জেলার ১৫টি থানা এবং নাগাল্যান্ডের সাতটি জেলার ১৫টি থানা এলাকাকে আফস্পা মুক্ত করা হচ্ছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক জানিয়েছে কেন্দ্রের এই সিদ্ধান্ত উত্তর-পূর্বের তিন রাজ্য থেকে আফস্পা পুরোপুরি প্রত্যাহারের সিদ্ধান্ত নয়। কিছু এলাকায় বাহিনীর বিশেষ ক্ষমতা আগের মতোই কার্যকর থাকবে।

**১ এপ্রিল** ২০২১-২২ আর্থিক বছরে ৪৮৬টি রেল ইঞ্জিন তৈরি করে নজির গড়ল চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস। এই আর্থিক বছরে সংস্থার লক্ষ্যমাত্রা ছিল ৪৮৫টি ইঞ্জিন তৈরি। রেলবোর্ডের চেয়ারম্যান ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ভি কে ত্রিপাঠী ৪৮৬তম ইঞ্জিনটির যাত্রার সূচনা করেন। মাত্র ২৮৩টি কর্মদিবসে এই সাফল্য পেয়েছে সংস্থা।

**কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআইয়ের** সঙ্গে রাজনৈতিক আঁতাত নিয়ে সংস্থাকে সতর্ক করলেন দেশের প্রধান বিচারপতি এন ভি রমণা। সিবিআইয়ের এক অনুষ্ঠানে উপস্থিত হয়ে প্রধান বিচারপতি মনে করিয়ে দেন রাজনৈতিক প্রভাবের জন্য 'অতি সক্রিয়তা' কিংবা 'নিষ্ক্রিয়তা'-র ফলে সংস্থার বিশ্বাসযোগ্যতা প্রশ্নের মুখে পড়ছে। তিনি বলেন, 'রাজনৈতিক কর্মকর্তারা সময়ের সঙ্গে সঙ্গে বদলে যাবে। আপনাদের প্রতিষ্ঠান পাকাপাকি থাকবে। আপস করবেন না, স্বাধীন হোন। নিয়মের বই মেনে চলুন।'

**উত্তর-পূর্বের তিন রাজ্য থেকে** আংশিকভাবে আফস্পা প্রত্যাহারকে স্বাগত জানালেও এই আইনের স্থায়ী বিলোপ চাইলেন ইরম শর্মিলা চানু। এই আইন প্রত্যাহারের দাবিতেই একটানা ১৬ বছর অনশন করেছিলেন তিনি। বর্তমানে কর্নাটকবাসী চানু বলেছেন দীর্ঘ লড়াই শেষে পাওয়া সাফল্যের এটা সবে প্রথম ধাপ। আফস্পাকে স্থায়ী ভাবে বিলোপ এবং এর বিরোধিতা করতে গিয়ে যাঁরা স্বজন হারিয়েছেন, তাঁদের ক্ষতিপূরণের দাবিও জানিয়েছেন তিনি।

**দেশজোড়া অর্থনৈতিক সঙ্কটের কারণে শ্রীলঙ্কায় জরুরি অবস্থা জারি করলেন সেদেশের প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে। পরিসংখ্যান বলছে, চলতি বছরের মধ্যে আন্তর্জাতিক ঋণ এবং সুদ মেটাতে ৬৯০ কোটি ডলার ব্যয় করতে হবে শ্রীলঙ্কাকে। অথচ দেশের কোষাগারে রয়েছে মাত্র ২৩১ কোটি ডলার। দেশে জ্বালানি, গ্যাস ও বিদ্যুৎ না থাকায় দেশজুড়ে বিক্ষোভ দেখাচ্ছেন সাধারণ মানুষ। বড় অংশের মানুষ ইস্তফা চাইছেন রাজাপক্ষের।**

## ৯৪তম অস্কার পুরস্কার



*উপরে বাঁদিক থেকে: উইল স্মিথ, জেসিকা চেস্টাইন, ট্রয় কটসুর*
*নীচে বাঁদিক থেকে: আরিয়ানা ডি-বোস ও জেন ক্যাম্পিয়ন*

**২৮ মার্চ:** লস অ্যাঞ্জেলেস-এর ডলবি থিয়েটারে ৯৪তম অস্কার পুরস্কার প্রদান করা হল। এবছর সেরা ছবির পুরস্কার জিতল সিয়ান হেডার পরিচালিত 'কোডা'। সেরা অভিনেতা উইল স্মিথ (ছবি: কিং রিচার্ড), সেরা অভিনেত্রী জেসিকা চেস্টাইন (ছবি: দ্য আইজ অব ট্যামি ফেই)। সেরা সহ-অভিনেতা হয়েছেন ট্রয় কটসুর (ছবি: কোডা), সেরা সহ-অভিনেত্রী আরিয়ানা ডি-বোস (ছবি: ওয়েস্ট সাইড স্টোরি)। 'দ্য পাওয়ার অব দ্য ডগ' ছবির জন্য সেরা পরিচালক হয়েছেন জেন ক্যাম্পিয়ন।

**২ এপ্রিল** পাকিস্তানের টালমাটাল রাজনৈতিক অবস্থার মধ্যেও ভারতকে শান্তি আলোচনার বার্তা দিলেন পাক সেনাপ্রধান কামার জাভেদ বাজওয়া। তিনি বলেন, 'বিশ্বের এক-তৃতীয়াংশ দেশ এখন যুদ্ধ, সংঘর্ষে দীর্ণ। এই আগুন থেকে দূরে থাকাই ভালো। পাকিস্তান বিশ্বাস করে, কাশ্মীর-সহ সব সমস্যার সমাধান আলোচনা ও কূটনীতির পথে হতে পারে। আর ভারত চাইলে পাকিস্তান এ ব্যাপারে এগোতে রাজি'। কয়েকদিন আগে অবশ্য পাক প্রধানমন্ত্রী ইমরান খানও দাবি করেছিলেন পাকিস্তানের বিদেশনীতি ভারত বিরোধী নয়।

## পাকিস্তানে পদ হারালেন ইমরান




**৩ এপ্রিল:** পাকিস্তানে সংসদ ভেঙে দেওয়ায় পদচ্যুত হলেন প্রধানমন্ত্রী ইমরান খান। এদিন পাক সংসদে অনাস্থা প্রস্তাব পেশ হতেই সেই প্রস্তাবকে 'অসাংবিধানিক' বলে ঘোষণা করে বাতিল করে দেন ডেপুটি স্পিকার কাসিম খান সুরি। পরে প্রধানমন্ত্রীর সুপারিশে সংসদ ভেঙে দেওয়ার ঘোষণা করেন প্রেসিডেন্ট আরিফ আলভি। ৯০ দিনের মধ্যেই ফের নির্বাচনের ঘোষণাও করা হয়। নিয়মানুযায়ী ততদিন পর্যন্ত কেয়ারটেকার প্রধানমন্ত্রী থাকার কথা ইমরানেরই, কিন্তু পাকিস্তানের ক্যাবিনেট সেক্রেটারি এদিন রাতেই নির্দেশিকা জারি করে জানিয়ে দেন, প্রেসিডেন্ট সংসদ ভেঙে দেওয়ার পর আর দেশের প্রধানমন্ত্রী নন ইমরান। অন্যদিকে, বিরোধীরা বিরোধী দলনেতা শেহবাজ শরিফকে নয়া প্রধানমন্ত্রী হিসেবে ঘোষণা করেছে।

Reliance
Growth is Life

Reliance digital
PERSONALISING TECHNOLOGY

ওয়ান-স্টপ-শপ করতে
আর দুর্দান্ত টেকনোলজি পেতে



10% ক্যাশব্যাক*

citi Credit Cards | HDFC BANK | ICICI Bank | kotak

+

পর্যন্ত ছাড়*
40%
AC-র বিস্তৃত রেঞ্জের ওপর

₹2000 টাকার অতিরিক্ত ক্যাশব্যাক*
*কমপক্ষে 20000 টাকার কেনার ওপর

₹2000 টাকার ভাউচার*
TRENDS

দ্রুততম
ডেলিভারি আর
ইনস্টলেশন

*T&C Apply

reliancedigital.in

SHOP ANY ELECTRONICS AT MY JIO STORE

Jio DIGITAL LIFE

# কী পড়বেন, কোথায় পড়বেন

## ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার ১২ জুন, ৩ জুলাই ও ২৪ জুলাই

৫ বছর মেয়াদের ব্যাচেলর অব আর্কিটেকচার (বি আর্ক) কোর্সে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার নেওয়া হবে ১২ জুন, ৩ জুলাই ও ২৪ জুলাই। এই পরীক্ষায় সফল হলে আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তি হওয়া যাবে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে। পরীক্ষা নেবে কাউন্সিল অব আর্কিটেকচার। পরীক্ষাটি জাতীয় স্তরের। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রতিটি বিষয়েই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে সর্বভারতীয় পরীক্ষার মাধ্যমে। ২০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে ডায়াগ্রামাটিক রিজনিং, নিউমেরিক্যাল রিজনিং, ভার্বাল রিজনিং, ইন্ডাক্টিভ রিজনিং, সিচুয়েশনাল জাজমেন্ট, লজিক্যাল রিজনিং এবং অ্যাবস্ট্রাক্ট রিজনিং বিষয়ে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। পরীক্ষার সময় সকাল ১০টা থেকে দুপুর ১টা এবং দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, হাওড়া, আসানসোল, দুর্গাপুর এবং শিলিগুড়ি। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nata.nic.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nata.nic.in অনলাইন আবেদন করা যাবে ১২ জুনের পরীক্ষার ক্ষেত্রে ২৩ মে, ৩ জুলাইয়ের পরীক্ষার ক্ষেত্রে ২০ জুন এবং ২৪ জুলাইয়ের পরীক্ষার ক্ষেত্রে ১১ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন রেজিস্ট্রেশনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (৪ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (১ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ১,৫০০ টাকা)। দু'বার পরীক্ষায় বসতে চাইলে ফি বাবদ দিতে হবে ৪,০০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৩,০০০ টাকা)। তিন বার পরীক্ষায় বসতে চাইলে ৫,৪০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৪,০৫০ টাকা)। অনলাইনে ই পি জি পদ্ধতিতে ফি জমা দিতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ০৮০৪৫৫৪৯৪৬৭। ই-মেল: nata.helpdesk2022@gmail.com

## ফিজিক্সের এম এসসি কোর্স

ফিজিক্সের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। কোর্সে মেয়াদ ২ বছর।

**কোর্সের বিবরণ: শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্সের অনার্স-সহ বি এসসি বা ইঞ্জিনিয়ারিং ফিজিক্সে বি টেক। সংশ্লিষ্ট বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে অন্তত ৫৫ শতাংশ) নম্বর পেয়ে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাই করা হবে অফলাইন প্রবেশিকা পরীক্ষা এবং অনলাইন ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ৪ জুন, দুপুর ২টো থেকে বিকেল ৫টা পর্যন্ত। পরীক্ষাকেন্দ্র বেলুড় মঠ ক্যাম্পাস।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://isr.rkmvu.ac.in/admission অনলাইন আবেদনের শেষ তারিখ ২৯ মে। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র আপলোড করতে হবে।

ফি বাবদ ৩০০ টাকা দিতে হবে অনলাইনে ডেবিট কার্ড বা ভিসা বা মাস্টার ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনের ফর্ম যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। আবেদনপত্র সাবমিটের পর পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rkmvu.ac.in

# স্কলারশিপের খোঁজখবর

## গুগল পি এইচ ডি ফেলোশিপ ইন্ডিয়া প্রোগ্রাম ২০২২

ভারতীয় কোনও বিশ্ববিদ্যালয়ে পি এইচ ডি কোর্সে পাঠরতদের ফেলোশিপ দিচ্ছে গুগল। ভারতীয় কোনও সংস্থায় কর্মরতরা আবেদনের যোগ্য।

**আবেদনের যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ, সঙ্গে কোনও ভারতীয় বিশ্ববিদ্যালয়ে পি এইচ ডি করার সুযোগ পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ৫০,০০০ আমেরিকান ডলার।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/OGL7 আবেদনের শেষ তারিখ ১৮ মে।

## লেডি মেহেরবাই ডি টাটা এডুকেশন স্কলারশিপ ২০২২

২০২২-২৩ শিক্ষাবর্ষে আমেরিকা, ইংল্যান্ড বা ইউরোপের কোনও বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়তে আগ্রহী ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে লেডি মেহেরবাই ডি টাটা এডুকেশন ট্রাস্ট।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক। আমেরিকা, ইংল্যান্ড বা ইউরোপের কোনও বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরের কোনও কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে। এর পাশাপাশি, সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/TET7 আবেদনের শেষ তারিখ ২ মে।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## এন আই টি-এম সি এ কমন এন্ট্রান্স টেস্ট ২০ জুন

দেশের ৯টি ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে মাস্টার অব কম্পিউটার অ্যাপ্লিকেশন (এম সি এ) কোর্সে ভর্তির যোগ্যতামান নির্ধারণের জাতীয় স্তরের পরীক্ষা 'এন আই টি-এম সি এ কমন এন্ট্রান্স টেস্ট ২০২২' আয়োজিত হবে ২০ জুন (সোমবার)। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**মোট আসনসংখ্যা:** ৮১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক অথবা বি এসসি বা বি এসসি (অনার্স) বা বি সি এ বা বি আই টি। অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে বি বি এ অথবা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা সফটওয়্যার ডেভেলপমেন্টে বি ভোক কোর্স পাশ। সেই সঙ্গে স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

পরীক্ষা ২০ জুন, দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। পরীক্ষায় ১২০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (সেন্টার কোড ২৪)। পরীক্ষার অ্যাডমিট কার্ড ৬ জুন থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://nimcet.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nimcet.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৪ মে। অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি থেকে ১ এম বি সাইজের মধ্যে), সই (৫০ কেবি থেকে ১ এম বি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল (১ এম বি সাইজের মধ্যে), সচিত্র পরিচয়পত্র (১ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি ২,৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,২৫০ টাকা)।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## দেশের ২৪টি কেন্দ্রীয় বিদ্যালয়ে স্নাতক কোর্স

দেশের ২৪টি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতক কোর্সে ভর্তির আবেদন গ্রহণ প্রক্রিয়া শুরু হয়েছে। প্রার্থী বাছাই করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। প্রার্থী বাছাই করা হবে সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার দিন এখনও প্রকাশিত হয়নি।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্রগুলি হল কলকাতা, আসানসোল, বাঁকুড়া, বর্ধমান, দার্জিলিং, দুর্গাপুর, হুগলি, হাওড়া, জলপাইগুড়ি, কল্যাণী, খড়্গপুর, মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, উত্তর চব্বিশ পরগনা, পূর্ব মেদিনীপুর, শান্তিনিকেতন, শিলিগুড়ি, দক্ষিণ চব্বিশ পরগনা এবং শিলিগুড়ি।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cuet.samarth.ac.in আবেদনের শেষ তারিখ ৬ মে। আবেদনের সময় অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), মাধ্যমিকের সার্টিফিকেট (৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধী সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র (প্রতিটি ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি বাবদ অনলাইনে দিতে হবে ৬৫০ টাকা (তফসিলি ও ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ৫৫০ টাকা, ও বি সিদের ক্ষেত্রে ৬০০ টাকা)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.nta.ac.in

# দুর্গাপুর এন আই টি-তে ১০০

১০০ জন নন-টিচিং স্টাফ নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি, দুর্গাপুর। নিয়োগ করা হবে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, সিনিয়র টেকনিশিয়ান, টেকনিশিয়ান, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট-সহ বিবিধ পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NITD/Estt./02/10/Non-Teaching/2022.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড TA: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ২২টি (সাধারণ ১২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট অথবা সমতুল বিষয়ে প্রথম শ্রেণিতে বি ই বা বি টেক বা এম সি এ অথবা ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা অথবা স্নাতক। মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড STEC: সিনিয়র টেকনিশিয়ান:** শূন্যপদ ১২টি (সাধারণ ৭, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং সংশ্লিষ্ট ট্রেডে অন্তত এক বছর মেয়াদের আই টি আই কোর্স পাশ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক এবং সংশ্লিষ্ট ট্রেডে দু'বছর মেয়াদের আই টি আই কোর্স পাশ। অথবা স্বীকৃত পলিটেকনিক বা প্রতিষ্ঠান থেকে সমতুল বিষয়ে তিন বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। **বয়স:** ৩৩ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড TEC: টেকনিশিয়ান:** শূন্যপদ ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং সংশ্লিষ্ট ট্রেডে অন্তত এক বছর মেয়াদের আই টি আই কোর্স পাশ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক এবং সংশ্লিষ্ট ট্রেডে দু'বছর মেয়াদের আই টি আই কোর্স পাশ। অথবা স্বীকৃত পলিটেকনিক বা প্রতিষ্ঠান থেকে সমতুল বিষয়ে তিন বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে।

উপরোক্ত তিনটি পদের ক্ষেত্রে সমতুল বা সংশ্লিষ্ট বিষয় বা ট্রেডগুলি হল: কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অপারেটর-কাম-প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ম্যানেজমেন্ট স্টাডিজ, ম্যাথমেটিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ফিজিক্স, ইনস্ট্রুমেন্টেশন, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল স্টাডিজ, জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিশিয়ান, ওয়্যারম্যান, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফিটার, হিট ট্রিটার, ওয়েল্ডার, পাম্প মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, ব্ল্যাকস্মিথ, কার্পেন্ট্রি, ফাউন্ড্রি, অটোমোবাইল, প্রোডাকশন, মেটিরিয়াল ডিজাইন।

**পোস্ট কোড SUP: সুপারিন্টেন্ডেন্ট:** শূন্যপদ ৪টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় প্রথম শ্রেণিতে স্নাতক অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে কম্পিউটার বিষয়ক জ্ঞান (ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড শিট) থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড SA: সিনিয়র অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেড শিটের কাজ জানতে হবে। কম্পিউটারের অন্য বিষয়ে জ্ঞান থাকলে বা স্টেনোগ্রাফি জানলে বা স্নাতক ডিগ্রি থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৩ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড JA: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ১৪টি (সাধারণ ১০, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেড শিটের কাজ জানতে হবে। কম্পিউটারের অন্য বিষয়ে জ্ঞান থাকলে, স্টেনোগ্রাফি জানলে অগ্রাধিকার। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড LA: ল্যাব অ্যাটেন্ড্যান্ট:** শূন্যপদ ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড OA: অফিস অ্যাটেন্ড্যান্ট:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে।

২৯-৪-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা বা স্কিল টেস্টের জন্য ডাকা হবে। তবে কর্তৃপক্ষ মনে করলে দু'টি পদ্ধতিতেই প্রার্থী বাছাই করতে পারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nitdgp.ac.in/p/careers অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র একটি মাত্র পি ডি এফ (১০ এমবি সাইজের মধ্যে) ফাইলে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (ল্যাব অ্যাটেন্ড্যান্ট ও অফিস অ্যাটেন্ড্যান্ট পদের ক্ষেত্রে ৮০০ টাকা)। অনলাইনে স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ভারতীয় সেনাবাহিনীতে গ্রুপ 'সি'

কুক, বুটমেকার, মাল্টি টাস্কিং স্টাফ (সাফাইওয়ালা) ও বার্বার পদে ১৮ জনকে নেবে ভারতীয় সেনাবাহিনী। মধ্যপ্রদেশের জবলপুরে জম্মু অ্যান্ড কাশ্মীর রাইফেলস রেজিমেন্টাল সেন্টারে নিয়োগ করা হবে।

**শূন্যপদের বিবরণ: কুক:** ৮টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **বুটমেকার:** ৩টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ (সাফাইওয়ালা):** ৩টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **বার্বার:** ৩টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা:** কুকের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। ভারতীয় রান্নার কাজে দক্ষ হতে হবে। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

বুটমেকারের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সংশ্লিষ্ট কাজে দক্ষতা থাকলে অগ্রাধিকার।

সাফাইওয়ালা ও বার্বারের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে দক্ষতা-সহ ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১৮-৪-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** কুক ও বুটমেকারের ক্ষেত্রে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। সাফাইওয়ালা ও বার্বারের ক্ষেত্রে ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র জবলপুর।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.joinindianarmy.nic.in পূরণ করবেন যথাযথ ভাবে। যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৮ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: SELECTION BOARD, GP 'C', POST JAK RIF REGIMENTAL CENTRE JABALPUR CANTT PIN 482001.

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


AKSHETRA Vol 42 No. 38 Kolkata Wednesday 20 APRIL 2022 /8 Member, INDIAN NEWSPAPER SOCIETY RNI No. 37120/80

JIS GROUP
Educational Initiatives

ONLY PRIVATE GROUP IN WEST BENGAL
SECURED




JIS COLLEGE OF ENGINEERING



Has obtained the NAAC Grade "A" Accreditation again.

NARULA INSTITUTE OF TECHNOLOGY



Has escalated its momentum & have received NAAC Grade "A" Accreditation for the 2nd cycle.

GURU NANAK INSTITUTE OF DENTAL SCIENCES AND RESEARCH



1st Dental College in West Bengal to get the prestigious NAAC Grade "A" Accreditation.

#EDUCATIONBEYONDORDINARY

37 INSTITUTIONS | 170 PROGRAMMES | 39000+ STUDENTS

www.jisgroup.org

• স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in